

💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৮৫৫

৫/ হাজ (হজ/হজ) (এআ Lall) (১৯৯৮)

পরিচ্ছেদঃ ৪১. ফিদয়া (ক্ষতিপূরণ)।

باب فِي الْفِدْيَةِ

আরবী

حَدَّثَنَا وَهْبُ بْنُ بَقِيَّةَ، عَنْ خَالِدِ الطَّحَّانِ، عَنْ خَالِدِ الْحَذَّاءِ، عَنْ أَبِي قِلاَبَةَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى، عَنْ كَعْبِ بْنِ عُجْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم مَرَّ بهِ زَمَنَ الْحُدَيْبِيَةِ فَقَالَ " قَدْ آذَاكَ هَوَامُّ رَأْسِكَ " . قَالَ نَعَمْ . فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " احْلِقْ ثُمَّ اذْبَحْ شَاةً نُسُكًا أَوْ صُمُ ثَلاَثَةَ أَيَّامٍ أَوْ أَطْعِمْ ثَلاَثَةَ آصِعُ مِنْ تَمْرٍ عَلَى سِتَّة مَسَاكِينَ " .

বাংলা

১৮৫৫. ওয়াহব ইবন বাকিয়্যা (রহঃ) কা'ব ইবন উজরা (রাঃ) হতে বর্ণিত। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হুদায়বিয়ার (সন্ধির) কালে তাঁর পাশ দিয়ে গমণকালে তিনি তাঁর মস্তক হতে উকুন ছাড়াতে দেখে বলেন, তোমাকে তোমার মাথার উকুন কষ্ট দিচ্ছে? তিনি বলেন, হ্যাঁ। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে বলেন, তুমি তোমার মাথা মুন্ডন কর অতঃপর একটি বকরী কুরবানী কর অথবা তিনদিন রোযা রাখ অথবা ছয়জন মিসকীনকে তিন সা' খেজুর দাও।

English

Ka'ab bin 'Ujrah said that the Apostle of Allaah() came upon him (during their stay) at Al Hudaibiyyah. He asked do the insects of your head (lice) annoy you? He said Yes. The Prophet () said Shave your head, then sacrifice a sheep as offering or fast three days or give three sa's of dates to six poor people.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ কা'ব ইবনু 'উজরাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন